

### ফায়িল-কামিল মাদ্রাসার জন্য ঢাকায় পৃথক এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়ার কেন্দ্রীয় সভাপতি মুহাঃ ওয়ালী উল্লাহ ও প্রধান সম্পাদক মুহাঃ মুহিবুল্লাহ উভয়ে এক যুক্ত বিবৃতিতে ফায়িল-কামিল মাদ্রাসাসমূহ নিয়ন্ত্রণের জন্য এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় ঢাকার যে কোন সুবিধাজনক স্থানে প্রতিষ্ঠার আহ্বান জানিয়ে বলেছেন, ২০০১ সালের জোট বিপ্লবের মাধ্যমে ক্ষমতাসীন চারদলীয় সরকার কর্তৃক মাদ্রাসা শিক্ষা সংস্কারের লক্ষ্যে গঠিত কমিটির রিপোর্টের আলোকে ফায়িল ও কামিল শ্রেণীকে ডিগ্রী ও মাস্টার্সের মান প্রদানের লক্ষ্যে একটি এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয়ের জন্য যে আন্তরিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা অবশ্যই অভিনন্দনযোগ্য।

কিন্তু আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, মাদ্রাসা শিক্ষা সংস্কারের লক্ষ্যে বেগম খালেদা জিয়ার নেতৃত্বাধীন জোট সরকারের আন্তরিকতাকে মহলবিশেষ একান্ত ব্যক্তিগত স্বার্থসিদ্ধির লক্ষ্যে বিপক্ষে পরিচালিত করার অপপ্রয়াস চালাচ্ছে। সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদে উপস্থাপিত প্রস্তাবে ফায়িল ও কামিল মাদ্রাসাসমূহকে কুষ্টিয়াস্থ ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তকরণের প্রস্তাব করা হয়েছে। আমরা এ প্রস্তাবের মূল বিষয়ের সাথে একমত পোষণ করছি। তবে এ এফিলিয়েশন কুষ্টিয়াস্থ ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে না করে এ ক্ষেত্রে রাজধানীতে নতুন একটি এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জোর দাবী উপস্থাপন করছি।